

“আদালত কর্তৃক তথ্য প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০” মোতাবেক প্রথম বারের মত রংপুর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে জনাব তালমা প্রধান, বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত নং-০৩, রংপুরে এ অদ্য ০৪/০৭/২০২৪ তারিখে জি.আর ০৭/১৮ (কোতয়ালী) মামলায় ভার্চুয়াল জ্যুম প্ল্যাটফর্মে ফৌ:কার্য বিধির ধারা -১৬৪ মোতাবেক গৃহীত জবানবন্দি গ্রহণকারী বিজ্ঞ ম্যাজিস্ট্রেট (জনাব কামরুল হাসান, বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, টাংগাইল) এর সাক্ষ্য (জবানবন্দি এবং জেরা) গ্রহণ করেন। রায় প্রচারের জন্য প্রস্তুতকৃত মামলাটি রায় প্রচারের জন্য গ্রহণ করা হলে উক্ত জবানবন্দি ব্যতীত রায় প্রচার করলে ন্যায় বিচার বিঘ্ন হওয়ার আশংকা থাকায় মামলাটি রায় থেকে উত্তোলন করে ফৌ:কার্য বিধির ধারা -১৬৪ মোতাবেক গৃহীত জবানবন্দি গ্রহণকারী বিজ্ঞ ম্যাজিস্ট্রেটে এর সাক্ষ্য গ্রহণের জন্য নির্ধারণ করা হয়। “আদালত কর্তৃক তথ্য প্রযুক্তি ব্যবহার আইন, ২০২০” মোতাবেক ভার্চুয়াল মাধ্যমে সাক্ষ্য গ্রহণ মামলাটি দ্রুত নিষ্পত্তিতে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।